যুগান্তর

তারিখ ... 23 DEC 2002
পৃষ্ঠা ... কলাম ...

মাধ্যমিক স্তরের ১৪টি বই পয়লা জানুয়ারি বাজারে যাবে

যুগান্তর রিপোর্ট

মাধ্যমিক স্তরে পাঠ্যপুস্তক বোর্ডের ৬০টি বই আগামী ১, ৯ ও ১৫ জানুয়ারি ৬০টি পর্যায়ে বাজারে ছাড়া হবে। প্রথম পর্যায়ে ১৪টি, দ্বিতীয় পর্যায়ে ২০টি এবং তৃতীয় পর্যায়ে ২৬টি বই বাজারজাত করা হবে। বোর্ড কর্তৃপক্ষ বই বাজারজাত করার এই তারিখ নির্ধারণ করেছে।

এদিকে কয়েকটি প্রকাশনা সংস্থা আদালতে মামলা করে ১৪ ডিসেম্বরের পরিবর্তে ১৫ জানুয়ারি পর্যন্ত পুরনো বই বাজারজাত করার যে অনুমতি পেয়েছিল গতকাল [illegible] তা আগামী ৫ জানুয়ারি পর্যন্ত [illegible] করেছেন। এর সঙ্গে একই সঙ্গে বই [illegible]

পৃষ্ঠা ১৫ কলাম ২

বই : মাধ্যমিক

(শেষ পৃষ্ঠার পর)

পুরনো ও নতুন বই বাজারে বিক্রি নিয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের বিভ্রান্ত হওয়ার যে আশংকা ছিল তা আপাতত নিরসন হল।

প্রথম পর্যায়ে মাধ্যমিক স্তরের ১৪টি বই ১ জানুয়ারি বাজারে ছাড়া হবে। এগুলো হচ্ছে- ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণীর বাংলা, ইংরেজি ও অংক এবং নবম শ্রেণীর বাংলা ব্যাকরণ, পদ্য, ইংরেজি, বীজগণিত ও জ্যামিতি। দ্বিতীয় পর্যায়ে ৯ জানুয়ারি যেসব বই বাজারে যাবে সেগুলো হচ্ছে- ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণীর সাধারণ বিজ্ঞান, সমাজিক বিজ্ঞান, কৃষি শিক্ষা ও ইসলাম ধর্ম এবং নবম শ্রেণীর বাংলা ব্যাকরণ, পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, হিসাব বিজ্ঞান, ইসলাম ধর্ম, সাধারণ বিজ্ঞান ও ভূগোল।

তৃতীয় পর্যায়ে বাকি ২৬টি বই বাজারজাত করার নির্ধারিত তারিখ ১৫ জানুয়ারি। ওইদিন যেসব বই বাজারে ছাড়া হবে সেগুলো হচ্ছে- ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণীর গার্হস্থ্য অর্থনীতি, চারু ও কারুকলা, শারীরিক শিক্ষা ও হিন্দু ধর্ম শিক্ষা এবং নবম শ্রেণীর বাংলা সহপাঠ, অর্থনীতি, পৌরনীতি, ইতিহাস, বাণিজ্যিক ভূগোল, উচ্চতর জ্যামিতি, উচ্চতর বীজগণিত, ব্যবহারিক গণিত, ব্যবসায় উদ্যোগ, ব্যবসা পরিচিতি, কৃষি শিক্ষা, গার্হস্থ্য অর্থনীতি, সমাজিক বিজ্ঞান ও হিন্দু ধর্ম শিক্ষা।

ইতিমধ্যে মাধ্যমিক স্তরের ৭০ ভাগ বই ছাপার কাজ শেষ হয়েছে বলে বোর্ড সূত্র জানিয়েছে। প্রতিটি পর্যায়ের জন্য নির্ধারিত তারিখের দুদিন আগে প্রকাশনা সংস্থাগুলো বাজারটি পরিশোধ করে প্রাপ্য বিক্রয় অনুমতির সিরিয়াল নম্বর প্রতিটি পাঠ্যবইয়ের শেষদিকে সংযুক্ত করে বই বাজারজাত করা হবে।

এ ব্যাপারে শিক্ষা প্রতিমন্ত্রী আনিসুর রহমান এহসানুল হক মিলন বলেছেন, ১৫ জানুয়ারির মধ্যেই মাধ্যমিক স্তরের বই বাজারে চলে যাবে। বইয়ের প্রচ্ছদ পরিবর্তিত হলেও কোনো বইয়ের দাম বাড়বে না। তিনি বলেন, একটি মহল বই নিয়ে সংকট সৃষ্টির গুজব ছড়াচ্ছে যা একেবারে ঠিক নয়। এ ব্যাপারে মুদ্রণ শিল্প সমিতির সভাপতি বাকানী জব্বার জানান, পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত সময়েই পর্যায়ক্রমে ৬০টি বই বাজারজাত করা হবে।